দৈনিক সংবাদ

তারিখ ... 13 FEB 1990
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৩ ...

02

# রাজশাহী বিশ্ববিদ্যালয় বি, এ (পাস) পরীক্ষার ফল প্রকাশ

রাজশাহী, ১২ই ফেব্রুয়ারী (বাসস)।--রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৮৯ সালের জুন-জুলাই মাসে অনুষ্ঠিত ১৯৮৮ সালের বি,এ (পাস) পরীক্ষার ফল আজ ঘোষণা করা হয়েছে। পাসের হার শতকরা ২১ দশমিক ১৬।

মোট ২৫ হাজার ৩২ জন পরীক্ষার্থীর মধ্যে ৫ হাজার ২শ' ৯৯জন উত্তীর্ণ হয়েছে। প্রথম বিভাগে ৩ জন, দ্বিতীয় বিভাগে ৪০৬ জন এবং ৪ হাজার ৮শ' ৯০ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়।

প্রথম বিভাগে উত্তীর্ণরা হচ্ছে ঝিনাইদহের সরকারী কে. সি কলেজের মো: আবদুল মালেক, নড়াইল সরকারী ভিক্টোরিয়া কলেজের এ, বি, এম মাহফুজুর রহমান এবং পাবনা এডওয়ার্ড কলেজের আবু সাঈদ মো: আবদুল গফুর।